Phone : (033) 2286-5657
Fax : (033) 2227-5391

PASCHIMBANGA VIGYAN MANCHA

Registered under West Bengal Societies Registration act XXVI, 1961
Registration No. S/55693 of 1987-1988
162-B, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata - 700 014
4th Floor, Room No. : 401 & 402
E-mail:pbvmancha@gmail.com
Website : http://www.pbvm.org.in

Ref. No. : .... Date. : ....

প্রতি তারিখ: ১০.০৭.১৭

বার্তা সম্পাদক / মুখ্য-সাংবাদিক

মহাশয়/মহাশয়া,

নিম্নলিখিত প্রেস বিবৃতিটি আপনার বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদ ও অভিনন্দনসহ-

প্রদীপ মহাপাত্র

(সাধারণ সম্পাদক)

প্রেস বিবৃতি

ভি আই পি রোডের নয়ানজুলি মামলায় পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের পক্ষে রায় দিল জাতীয় গ্রিন বেঞ্চ

আজ গ্রিন বেঞ্চে (National Green Tribunal, Eastern Zonal Bench) মাননীয় বিচারপতি এস পি ওয়াংদি এবং মাননীয় বিচারপতি পি এস মিশ্রের এজলাস চূড়ান্ত রায়ে (৫৯পাতার) বললেন - গোলাঘাটা থেকে শ্রীভূমি পর্যন্ত যে অংশে নয়ানজুলি ভরাট করে বুজিয়ে ফেলা হয়েছে সেই অংশকে আবার পূর্বের নয়ানজুলির চেহারায় ফিরিয়ে দিতে হবে (Restoration) এবং এই মর্মে গ্রিন ট্রাইবুনাল দক্ষিণ দমদম পৌরসভাকে দায়িত্ব দিলেন নয়ানজুলির রক্ষণাবেক্ষণ, সংরক্ষণ ও নিয়মিত পরিস্কার (Cleaning) করার। এই এজলাস আরও নির্দেশ দিয়েছেন গোলাঘাটা এবং লেক-টাউন - ভি আই পি রোডের সংযোগস্থলে নয়ানজুলির উপর দুটি ওভারব্রিজ তৈরি করতে হবে এমনভাবে যাতে ব্রিজের উচ্চতা বেশি হয় এবং তার নিচ দিয়ে বাধাহীনভাবে নয়ানজুলি বয়ে যেতে পারে; তিন মাসের মধ্যে এই কাজ করতে হবে।

জনবিজ্ঞান আন্দোলনের পক্ষে এই রায়ের গুরুত্ব অপরিসীম। শুধু তাই নয়, জনগোষ্ঠীর সংখ্যাগরিষ্ঠ অংশই মনে করে পরিবেশকে যুক্ত করেই যে উন্নয়ন তা হল প্রকৃত উন্নয়ন বা টেকসই উন্নয়ন। এই রায় তাই প্রকৃত উন্নয়নের পক্ষে রায়। এই রায় কোন ব্যক্তি বা পক্ষের জয় বা পরাজয়ের বিষয় নয়। যে আগ্রাসী মনোভাব নিয়ে কখনও উন্নয়ন, কখনও বা সৌন্দর্যায়নের নাম করে বল্গাহীনভাবে জলাভূমি ভরাট করা হচ্ছিল তাতে মারাত্মক ক্ষতিগ্রস্ত হচ্ছিল সার্বিকভাবে পরিবেশ। এর সাথে চলেছে গাছ কাটা ও রাসায়নিক প্রয়োগে বৃক্ষ হত্যা। এক্ষতি পরিবেশের অপূরনীয় ক্ষতি। তাই পরিবেশ রক্ষার ক্ষেত্রে এই রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আদালতে দীর্ঘ দু'বছর ধারাবাহিক লড়াই চালিয়েছে পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ - লড়াই চালিয়েছেন আইনজীবী আনিন্দ লাহিড়ি ও আইনজীবী সোমনাথ রায়চৌধুরী। দিনের পর দিন সংগঠনের নেতৃত্ব ও সংগঠকেরা হাজির থেকেছেন আদালতে - সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন।

পরিবেশের ভারসাম্য বজায় রেখে উন্নয়নের পক্ষে আমরা - এ নিয়ে বিরোধ থাকার কথা নয়। পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ বিশ্বাস করে নয়ানজুলি রেখেই সৌন্দর্যায়ন ও প্রকৃত উন্নয়ন সম্ভব। পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ বিশ্বাস করে প্রশাসন এই রায়কে মান্যতা দিয়ে দ্রুত কার্যকর করার উদ্যোগ গ্রহণ করবেন। আমরা পরিবেশ রক্ষা ও জলাভূমি সংরক্ষণের লক্ষ্যে মানুষকে সচেতন করার কাজ - পরিবেশ আন্দোলন ধারাবহিকভাবে চালিয়ে যাব।

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

Phone : (033) 2286-5657
Fax : (033) 2227-5391

PASCHIMBANGA VIGYAN MANCHA

Registered under West Bengal Societies Registration act XXVI, 1961
Registration No. S/55693 of 1987-1988
162-B, Acharya Jagadish Chandra Bose Road, Kolkata - 700 014
4th Floor, Room No. : 401 & 402
E-mail:pbvmancha@gmail.com
Website : http://www.pbvm.org.in

Ref. No. : .... Date. : ....

To Date:10.07.2017
The News Editor/ Chief Reporter

Sir/ Madam,
We would like to request you to circulate the following press statement in your esteemed media.
Thanking you,
Yours sincerely

Pradip K. Mahapatra

General Secretary

Press Statement

The Verdict of the National Green Tribunal, Eastern Zonal Bench Goes in Favour of Environment

PBVM heartily welcomes the verdict of the National Green Tribunal, Eastern Zonal Bench. The bench of Hon'ble Justice S P Oyandi & Hon'ble Justice P S Mishra gave the order today (10 July) in favour of restoration of the *Nayanjuli* between Golaghata and Sribhumi beside the VIP road, Kolkata. In the same verdict the Tribunal has also instructed the South Dumdum Municipality to maintain, preserve and regularly clean the said *nayanjuli*. The tribunal has further ordered construction of two over bridges within three months, one at Golaghata and other at the junction of Lake Town and VIP Road in such manner that the *nayanjuli* can flow without any hindrances below these over bridges.

This verdict is a victory not only for PBVM who have been fighting this case to stop conversion of this ecologically important *Nayanjuli* for the past two years, this is a victory for the people's science movement and the right thinking environmentally conscious section of the society. PBVM expresses gratitude to the Advocates Aninda Lahiri & Somnath Roychowdhury along with the organizers and other people concerned who borne all the troubles for last two years.

PBVM is not against the development; we advocate for development restoring the environment – the sustainable development. We strongly believe the development process and beautification of the VIP road can be possible restoring the said *nayanjuli*. We hope the government authorities will implement the very Tribunal's order within given timeframe. We will continue our untiring efforts for environmental campaign for developing public awareness. Nevertheless, we need to keep a strict vigil to forestall any similar ecologically disastrous moves in future and PBVM reaffirms its resolve to side with and spearhead similar proactive action in future.

PASCHIMBANGA VIGYAN MANCHA